

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঋণ্ডয়ে অথরিটি স্কিল্ড ট্রেডস স্কলারশিপ প্রোগ্রাম (THRUWAY AUTHORITY SKILLED TRADES SCHOLARSHIP PROGRAM) চালু করার ঘোষণা দিয়েছেন

এই উদ্যোগটি যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদেরকে ট্রেড প্রোগ্রামসমূহে ক্যারিয়ার গঠন এবং কর্মসংস্থানের সুযোগ প্রদান করে

এই বছরের পাইলট প্রোগ্রামে অংশগ্রহণের জন্য দশ জন শিক্ষার্থীকে নির্বাচন করা হবে

আগ্রহী শিক্ষার্থীরা এখানে আবেদন করতে পারবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঋণ্ডয়ে অথরিটি এর একটি নতুন স্কিল্ড ট্রেডস স্কলারশিপ প্রোগ্রাম চালু করার ঘোষণা দিয়েছেন, যার লক্ষ্য হচ্ছে ট্রেড পেশায় কর্মজীবন অন্বেষণকারী যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিয়োগ প্রদান এবং কর্মক্ষেত্রে বৈচিত্র্যতা বৃদ্ধি করা। নিউ ইয়র্ক স্টেট স্কুলসমূহের সাথে সহযোগিতার মাধ্যমে ঋণ্ডয়ে অথরিটি কার্পেন্ড্রি, ইলেকট্রিক্যাল, এইচভিএসি (HVAC) ও প্লাস্টিংয়ের মতো বিভিন্ন ট্রেডে প্রোগ্রাম পরিচালনা করবে এবং কর্মকালীন মূল্যবান দক্ষতা প্রশিক্ষণ প্রাপ্তির পাশাপাশি শিক্ষার্থীদেরকে ঋণ্ডয়ে অথরিটিতে গতিময় কর্মজীবনের সুযোগ সরবরাহ করবে। পুরো স্টেট জুড়ে ঋণ্ডয়ে অথরিটির প্রতিটি রক্ষণাবেক্ষণ বিভাগে কাজ করার জন্য এই বছরের পাইলট প্রোগ্রামের জন্য দশ জন শিক্ষার্থীকে নির্বাচন করা হবে।

"উচ্চ দক্ষতাসম্পন্ন ট্রেডের কর্মচারীদের উন্নয়ন ও ধারাবাহিকতা বহাল রাখতে এবং আমাদের স্টেটের জন্য একটি ভবিষ্যৎ কর্মশক্তি প্রতিষ্ঠা করতে বৃত্তিমূলক ও পরামর্শক প্রোগ্রামসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রোগ্রামটি হচ্ছে কর্মশক্তি উন্নয়নের একটি মূল্যবান হাতিয়ার যা নিউ ইয়র্কের যুব সমাজের জন্য সম্ভাবনার নতুন দ্বার উন্মোচন করবে, যাতে করে তারা বর্তমানের অর্থনীতিতে সাফল্য অর্জনের সুযোগ পাবে।"

"ঋণ্ডয়ে অথরিটি স্কিল্ড ট্রেডস স্কলারশিপ প্রোগ্রামটি কর্মশক্তি উন্নয়নের একটি নতুন মূল্যবান হাতিয়ার, যা বিশেষায়িত ট্রেড সম্পর্কিত কাজের জন্য কর্মসংস্থান-ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "শিক্ষার্থীরা শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের জন্য অভিজ্ঞ পরামর্শদাতাদের সাথে কাজ করবে এবং তারা প্রোগ্রাম সম্পন্ন করার পর, অগ্রগতি অর্জনের সুযোগের সাথে সাথে তারা ঋণ্ডয়ে অথরিটিতে কাজের সুযোগ পাবে। নিউ ইয়র্কের সকল বাসিন্দা যাতে ট্রেডে প্রশিক্ষিত হতে প্রয়োজনীয় সুযোগ ও রিসোর্স পায় এবং নিউ ইয়র্ক জুড়ে উচ্চ-দক্ষতা সম্পন্ন কাজে যোগদান করতে পারে আমরা তা নিশ্চিত করতে চাই।"

স্বীকৃত শিক্ষার্থীরা বৃত্তি প্রোগ্রামের জন্য ভোকেশনাল/টেকনিক্যাল প্রোগ্রামে নিবন্ধিত অথবা একটি ট্রেড স্কুল অথবা কলেজ-লেভেল প্রোগ্রামে নিবন্ধনের আবেদন করতে পারেন। আবেদনকারীকে একটি চাকরির আবেদন ও দুইটি সুপারিশপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্র একটি কমিটি দ্বারা পর্যালোচনা করা হবে এবং এই গ্রীষ্মকালে কমিটি সাফাৎকার গ্রহণ করবেন ও যোগ্যতাসম্পন্ন প্রার্থী নির্বাচন করবেন।

দক্ষতা প্রয়োগের জন্য ফ্রুওয়ে অথরিটির জনবলে যোগদানের পাশাপাশি শিক্ষা অর্জনের জন্য নির্বাচিত আবেদনকারীকে 1,000 মার্কিন ডলার প্রদান করা হবে। ফ্রুওয়ে অথরিটির একজন পূর্ণকালীন কর্মচারী হিসেবে শিক্ষার খরচকে আরও অর্থায়িত করার জন্য অংশগ্রহণকারীরা ফ্রুওয়ে অথরিটির টিউশন রিইমবার্সমেন্ট প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

এই প্রোগ্রাম চলাকালে, অংশগ্রহণকারীরা ক্লাসে উপস্থিত থাকা অব্যাহত রাখবেন এবং এই প্রোগ্রামের অগ্রগতিমূলক স্তরগুলোর জন্য প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করবেন। সঠিক প্রশিক্ষণ এবং অভিজ্ঞতার গ্রহণের মাধ্যমে ট্রেডে ন্যূনতম যোগ্যতা অর্জন সাপেক্ষে একজন সম্পূর্ণ যোগ্যতাসম্পন্ন কর্মী হিসেবে প্রার্থীগণ ফ্রুওয়ে অথরিটিতে নিয়োগপ্রাপ্ত হবেন।

ফ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "একটি বৈচিত্র্যময় জনবল নিয়োগ ও একজন শিক্ষার্থীর কর্মজীবনে গতিময়তা যোগ করার জন্য এই পাইলট প্রোগ্রামটি একটি অনন্য সুযোগ। এই প্রোগ্রামে আবেদন করতে এবং ফ্রুওয়ে অথরিটিতে স্কিলড ট্রেডে বর্তমানে কর্মরত অগণিত পুরুষ ও মহিলাদের সাথে যোগদান করতে আমরা যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে উৎসাহিত করি।"

অ্যাসেম্বলিমেম্বার জন টি. ম্যাকডোনাল্ড III বলেন, "আমাদের কমিউনিটি ও অর্থনীতিতে স্কিলড ট্রেডে সহায়ক কর্মজীবন ও শিক্ষার অসাধারণ মূল্য রয়েছে। স্কিলড ট্রেডের এই ক্ষেত্রসমূহে বৃত্তি প্রদান করে এর মূল্য অনুধাবন ও এই শিক্ষার্থীদের জন্য বিনিয়োগ করার জন্য আমি ফ্রুওয়ে অথরিটির প্রশংসা করি।"

অ্যাসেম্বলি ট্রান্সপোর্টেশন কমিটি (Assembly Transportation Committee) এর সভাপতি

অ্যাসেম্বলিমেম্বার উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন, "আপস্টেট নিউ ইয়র্ক (Upstate New York)-এ প্রয়োজন এমন সব ট্রেডের বিশাল ক্ষেত্র অনুসন্ধানে ফ্রুওয়ে অথরিটি স্কিলড ট্রেডস স্কলারশিপ প্রোগ্রাম শিক্ষার্থীদের জন্য একটি দারুণ সুযোগ। এই ট্রেডের মাধ্যমে অর্জিত দক্ষতাসমূহ ব্যক্তিবর্গকে তাদের সমগ্র কর্মজীবনের জন্য একটি চমৎকার ভিত্তি গড়ে দেবে।"

শিক্ষার্থীদের জন্য একটি আবেদন জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে 31 মে, 2019। আগ্রহী শিক্ষার্থীরা কর্মসূচি সম্পর্কে thruway.ny.gov/scholarship এ গিয়ে আরও বিস্তারিত তথ্য জানতে পারবে এবং আবেদন করতে পারবে।

আজকের অনুষ্ঠানের ছবিগুলো [এখানে](#) পাবেন।

থ্রুওয়ে অথরিটির অতিরিক্ত কর্মসংস্থান সম্পর্কিত আরও তথ্যের জন্য [থ্রুওয়ে অথরিটির ওয়েবসাইট](#)
এ গিয়ে বিভিন্ন কাজ দেখতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)